# প্রকল্পের সারসংক্ষেপ

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | "নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে সমন্বিত সেবা জোরদাকরণ এবং কুইক রেসপন্স টিমের কার্যক্রম" শীর্ষক প্রকল্প |
| ২. | (ক) উদ্যোগী মন্ত্রণালয়<br>(খ) বাস্তবায়নকারী সংস্থা | :<br>: | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৩. | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | |
| | (ক) মোট | : | ৩০৯৩৯.০০ লক্ষ টাকা |
| | (খ) জিওবি | : | ৩০৯৩৯.০০ লক্ষ টাকা |
| | (গ) বৈদেশিক সহায়তা | : | - |
| ৪. | <u>প্রকল্পের অর্থায়ন (ঋণ/অনুদান/ইকুইটি)</u> | : | অনুদান |
| ৫ . | বাস্তবায়নকাল | : | (ক) শুরুর তারিখ : ১ জুলাই ২০২৫<br>(খ) সমাপ্তির তারিখ : ৩১ ডিসেম্বর ২০২৯ |
| ৬. | প্রকল্প এলাকা | : | সমগ্র বাংলাদেশ |
| ৭. | <u>প্রকল্পের উদ্দেশ্যে</u> | : | ১. নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে কেন্দ্রীয় থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত কুইক রেসপন্স টিম গঠনের মাধ্যমে নির্যাতনের শিকার নারী ও শিশুকে তড়িৎ সেবা প্রদান এবং নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে কার্যক্রম গ্রহণ।<br><br>২. নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে বিভিন্ন সরকারি দপ্তর/ সংস্থা এবং বেসরকারি ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে টেকসই, সমন্বিত ও গুণগত সেবা কার্যক্রম নিশ্চিত করা;<br><br>৩. ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে টোল-ফ্রি জাতীয় হেল্পলাইন সেন্টার ১০৯, ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার, রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টারের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ নিশ্চিত করা;<br><br>৪. নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) এর আলোকে চলমান সেবা কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে অব্যাহত রাখার নিমিত্ত বিভিন্ন কার্যক্রম এবং কৌশল বাস্তবায়ন এবং পরিবীক্ষণ; |

ইফতেখার হোসেন
প্রকল্প পরিচালক

| | | | |
|---|---|---|---|
| | | | ৫. নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে দেশব্যাপী জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও নারী ও শিশু নির্যাতন সম্পর্কিত বিভিন্ন কমিটি সক্রিয়করণ;<br><br>৬. স্থানীয় প্রশাসন এবং সেবাপ্রদানকারী বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থাসমূহের সাথে সমন্বয় করে নারী ও শিশুর প্রতি সহিংসতা রোধ করা;<br><br>৭. জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারের লক্ষ্যে আইন, বিধি এবং নীতিমালা, কর্মপরিকল্পনা ইত্যাদি প্রণয়ন ও সংশোধনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং কারিগরি ও আর্থিক সহযোগিতা প্রদান;<br><br>৮. প্রকল্পের বিভিন্ন কার্যক্রম এবং বিভিন্ন সরকারি সংস্থা/দপ্তর ও বেসরকারি প্রতিষ্ঠান হতে তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংকলন ও সংরক্ষণ করে সেবা জোরদারকরণের নিমিত্তে বিভিন্ন গবেষণামূলক কার্যক্রম পরিচালনা এবং প্রতিবেদন প্রকাশ;<br><br>৯. নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, কর্মক্ষেত্র, গণপরিবহন এবং পাবলিক প্লেসে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার নিমিত্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ;<br><br>১০. সেবাপ্রদানকারী/ অংশীজন/ পেশাজীবী/স্থানীয় প্রশাসন/ জনপ্রতিনিধি/ শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের দক্ষতা ও সক্ষমতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান;<br>১১. Inter operable GBV MIS System এর মাধ্যমে রেফারেল মেকানিজম স্থাপন, তথ্য-উপাত্ত সংরক্ষণ, ফলোআপকরণ, তুলনামূলক প্রতিবেদন তৈরীসহ দেশে নারী ও শিশুর প্রতি সহিংসতার পরিসংখ্যান/ তথ্য প্রাপ্তি ও পলিসি ফরমুলেশনে সহায়তা প্রদান। |
| ৮. | <u>প্রকল্পের প্রধান কার্যাক্রম</u> | : | • ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি)<br>• ওয়ান-স্টপ ক্রাইসিস সেল<br>• ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার<br>• রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার<br>• নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে টোল-ফ্রি জাতীয় হেল্পলাইন সেন্টার-১০৯ |

মোহাম্মদ ইফতেখার হোসেন
প্রকল্প পরিচালক
...প্রতিকার ও প্রতিরোধে সমন্বিত
...টিমের কার্যক্রম

| | | | |
|---|---|---|---|
| | | | • ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, সোস্যাল মিডিয়া ও অন্যান্য মাধ্যমে প্রকাশিত রিপোর্টের ভিত্তিতে দৈনিক প্রতিবেদন এবং ফলোআপ<br>• Interoperable GBV MIS System<br>• নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে কুইক রেসপন্স টিম |
| ৯. | বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ | : | বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তভূক্ত হয়েছে এবং বরাদ্দ ৫৫১০.০০ লক্ষ টাকা |
| ১০. | প্রকল্পের অগ্রগতি | : | আর্থিক অগ্রগতি নেই তবে প্রকল্পটি নতুন অনুমোদিত হওয়ায় আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের নিমিত্ত উন্মুক্ত দরপত্রের মাধ্যমে প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়াধীন রয়েছে। |
| ১১. | প্রকল্প পরিচালক | : | মোহাম্মদ ইফতেখার হোসেন<br>যুগ্মসচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

মোহাম্মদ ইফতেখার হোসেন
প্রকল্প পরিচালক
নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে সমন্বিত সেবা জোরদারকরণ এবং কুইক রেসপন্স টিমের কার্যক্রম
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়